গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ডি-৭ শাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা
www.mod.gov.bd

নম্বর-২৩.০০.০০০০.০৭০.১২.০০৪.২৪.১৭৬

তারিখ: ২৫ আষাঢ় ১৪৩৩ / ০৯ জুলাই ২০২৬

## প্রজ্ঞাপন

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ বিমান বাহিনীর নিম্নবর্ণিত কর্মকর্তাকে বিভাগীয় পদোন্নতি প্রদান বিষয়ক কমিটির সুপারিশের ভিত্তিতে বাংলাদেশ বিমান বাহিনীর নিম্ন সংগঠনের বেসামরিক কর্মকর্তা ও কর্মচারী (গেজেটেড ও নন গেজেটেড) নিয়োগ বিধিমালা, ২০২১ এবং সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী তাঁর নামের পাশে বর্ণিত পদে (জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর গ্রেড-৬, টাকা ৩৫৫০০-৬৭০১০/-) কতিপয় শর্তে পদোন্নতি প্রদান করা হলো:

| ক্র. নং | নাম, ব্যক্তিগত নম্বর, পদবি ও গ্রেড | পদোন্নতিপ্রাপ্ত পদবি, বেতনস্কেল ও গ্রেড |
|---|---|---|
| ১. | জনাব মোঃ আব্দুল কাদের (১৮৯৩)<br>সিনিয়র কম্পিউটার অপারেটর (গ্রেড-৯ম) | কম্পিউটার অপারেশন সুপারভাইজার<br>টাকা ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬) |

শর্তাবলী:

(ক) উল্লিখিত নিয়োগবিধি অনুযায়ী যোগদানের তারিখ থেকে ০১(এক) বৎসর শিক্ষানবিশকাল প্রযোজ্য হবে;

(খ) শিক্ষনবিশ থাকাকালে তাঁর আচরণ এবং কর্ম সন্তোষজনক বলে বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে কর্তৃপক্ষ তাঁকে পূর্বপদে প্রত্যাবর্তন করাতে পারবেন;

(গ) সন্তোষজনক শিক্ষানবিশ মেয়াদ পূর্তি এবং শর্তাদি পূরণ সাপেক্ষে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনা করা হবে।

২। উল্লেখ্য, যেসব বিষয়ের উপর ভিত্তি করে এ পদোন্নতি প্রদান করা হয়েছে সেসব বিষয়ে পরবর্তীতে কোনো বিরূপ/ভিন্নরূপ তথ্য পাওয়া গেলে এ আদেশের প্রয়োজনী সংশোধন/বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

০৯.০৭.২০২৬

জাকির হোসেন
উপসচিব
ফোন : ৫৮১৫২৫৫১
e-mail: d7@mod.gov.bd

নম্বর-২৩.০০.০০০০.০৭০.১২.০০৪.২৪.১৭৬

তারিখ: ২৫ আষাঢ় ১৪৩৩ / ০৯ জুলাই ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। পরিচালক, কর্মচারী পরিদপ্তর, প্রশাসনিক শাখা, বিমান বাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব (উপসচিব), প্রতিরক্ষা মন্ত্রণালয় [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৩। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা
[বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ]।
৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
[ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৫। সিনিয়র অর্থ নিয়ন্ত্রক (বিমান), সিনিয়র অর্থ নিয়ন্ত্রক (বিমান)-এর কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৬। জনাব মোঃ আব্দুল কাদের, সিনিয়র কম্পিউটার অপারেটর, বিমান বাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৭। অফিস কপি।

CamScanner